

তারিখ : ২৬ এপ্রিল, ২০০৬
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি : কর্নেল সালাহউদ্দীন আহমেদ
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- | | | | |
|-----|---|----|-------|
| (১) | ক্যাপ্টেন এম নূরুল আমিন, (এন), এনডিসি, পিএসসি, বিএন
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ শফিকুল আলম, এফ এ ডব্লিউ সি, পিএসসি, জিডি(পি)--
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | মেজর এস এম মোস্তফা জামাল
প্রতিনিধি
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | মেজর আব্দুর রশিদ আকন্দ
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৫) | জনাব জিয়াউল ইসলাম চৌধুরী
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৬) | লেঃ কর্নেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৭) | জনাব মোঃ জিয়াউদ্দীন
সিনিয়র সহকারী কমিশনার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি। | -- | সদস্য |

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস
পরিষদ, লেঃ কর্নেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বর সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস পরিষদ এবং
লেঃ কর্নেল মোঃ আব্দুল খালেক (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ, ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভায় আলোচ্যসূচীর
উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ : গত ৩০ মার্চ, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত : গত ৩০ মার্চ, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ : মার্চ, ২০০৬ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : মার্চ, ২০০৬ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ : মার্চ, ২০০৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : মার্চ, ২০০৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। রজনীগন্ধা সুপার মার্কেটের মাছের আড়ৎ ও তৎসংলগ্ন এলাকার স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখার লক্ষ্যে মাছের আড়তের ভিটি পাকা/ঢালাই করার কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৪ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মাস্টাররোলে নিয়োজিত দৈনিক শ্রমিক, ড্রাইভার ও নার্সারী সুপারভাইজারদের মজুরী বৃদ্ধির ব্যাপারে গত ২৮ ফেব্রুয়ারি, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-১৩ এর সিদ্ধান্তের অনুরূপে মজুরী বৃদ্ধি করা হলে যে পরিমাণ অর্থের প্রয়োজন হবে তা নিম্নে প্রদত্ত হলো :-

ক্রমিক নং	মাস্টাররোল পদবী	পদের সংখ্যা	বর্তমান দৈনিক মজুরী	প্রস্তাবিত দৈনিক মজুরী	প্রস্তাবিত দৈনিক মজুরীর ভিত্তিতে বাৎসরিক অতিরিক্ত অর্থের পরিমাণ
(১)	নার্সারী সুপারভাইজার	০১	১০৫/- টাকা	১৫০/- টাকা	১৬,৭৪০/- টাকা
(২)	ড্রাইভার	০১	১০০/- "	১৫০/- "	১৮,৬০০/ "
(৩)	স্বাক্ষরকার	২৮	৮০/- "	১০০/- "	২,০৮,৩২০/- "

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মাস্টাররোলে নিয়োজিত কর্মচারীদের প্রস্তাবিত হারে অর্থাৎ নার্সারী সুপারভাইজার ও ড্রাইভারের দৈনিক মজুরী ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা এবং অদক্ষ শ্রমিকদের মজুরী দৈনিক ১০০/- (একশত) টাকা হারে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৫ : ঢাকা সেনানিবাসস্থ রজনীগন্ধা সুপার মার্কেটে একটি আধুনিক সুপার মার্কেট নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে জরুরী ভিত্তিতে একটি আধুনিক মার্কেট নির্মাণের বাস্তবতা অনুধাবন করা হয়। প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্তে একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব (কারিগরি ও আর্থিক) প্রস্তুত করে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে সেনাসদরের অনুমোদন গ্রহণের নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ জ্ঞাপন করা হয়।

প্রস্তাব নং-৬ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেটের 'সি' এবং 'ডি' ব্লকের ১০(দশ) বছর মেয়াদী মোট ২৪০ (দুইশত চল্লিশ)টি দোকানের দ্বিতীয় মেয়াদে ইজারা বরাদ্দের সময়সীমা উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে উক্ত দোকানসমূহ তৃতীয় মেয়াদে পরবর্তী ১০(দশ) বছরের জন্য বরাদ্দ নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের 'সি' এবং 'ডি' ব্লকের ১০(দশ) বছর মেয়াদী মোট ২৪০ (দুইশত চল্লিশ)টি দোকানের বরাদ্দ ধারাবাহিক তৃতীয় মেয়াদে পরবর্তী ১০(দশ) বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৭ : রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদ সংলগ্ন ১৬টি দোকানের ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে তাদের ইজারা বরাদ্দ ধারাবাহিক পরবর্তী ১০(দশ) বছরের জন্য নবায়নের নিমিত্তে ২৯ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় প্রস্তাব নং- ৩০বিবিধ(৫) এর মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক সামরিক ভূমি ও সেনাবাস অধিদপ্তরের অনুমোদনের জন্য পত্র লিখা হলে সাভূসে অধিদপ্তরের ০৩ এপ্রিল, ২০০৬ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩০-এ-৬/শা-৩/১২৯ নং পত্রের মাধ্যমে বোর্ডসভার সিদ্ধান্তক্রমে দোকানের ইজারা নবায়নের নিমিত্তে সালামী ও ভাড়ার হার নির্ধারণ করতঃ চুক্তি সম্পাদনের অনুমোদন প্রদান করা হয়। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য নথিটি সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদ সংলগ্ন ১৬টি দোকানের ইজারা প্রতি বর্গফুট ৬০০/- (ছয়শত) টাকা হারে সেলামী এককালীন আদায় এবং প্রতি বর্গফুট জায়গার মাসিক ভাড়া প্রতি বর্গফুট ০৬/৫০ (ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকা হারে নির্ধারণ করতঃ ধারাবাহিক পরবর্তী ১০(দশ) বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৮ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর	মন্তব্য
(১)	ডিওএইচএস মহাখালী এলাকার রোড নং-৩২ এর উচ্চতা বৃদ্ধিসহ কাপেটিং কাজ।	১৩,৪১,৪০৫/- টাকা	মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স	০৫.৮৯% উর্ধ্ব	০৪.০০% উর্ধ্ব	বাজেট বরাদ্দ
(২)	ডিওএইচএস মহাখালী এলাকার রোড নং-৩৪ এর উচ্চতা বৃদ্ধিসহ কাপেটিং কাজ।	৩,৪৯,৩৪৪/- টাকা	মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল	০৪.৯৮% উর্ধ্ব	০৪.০০% উর্ধ্ব	বাজেট বরাদ্দ
(৩)	শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে আরসিসি পাইপ ড্রেন নির্মাণের কারিগরী পরামর্শ, কন্ট্রোল সার্ভ এবং কনসালটেন্সী সার্ভিস।	১,০৪,৯৭,৮৯৬/- টাকা	ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং	মূল্যানুমানের উপর ০৪.৫০%	মূল্যানুমানের উপর ০৪.৫০%	বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে
(৪)	মহাখালী ডিওএইচএস এলাকার ৩২ এবং ৩৪ নং সংযোগ রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কাপেটিং কাজ।	৩,৫০,০০০/- টাকা	মেসার্স লাকী ট্রেডার্স	০৪.৯৫% উর্ধ্ব	০৪.০০% উর্ধ্ব	বাজেট বরাদ্দ
(৫)	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পানির লাইন মেরামত।	৩৮,১১২/- টাকা	মেসার্স রহমান ট্রেডার্স	০৭.৫০% উর্ধ্ব	০৩.৯৪% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ৫(পাঁচ) টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস কর্তৃক ভেটিং করা হয়েছে। উল্লেখিত কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। বোর্ডসভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো এবং বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো :-

- (১) ০৪.০০% উর্ধ্বদর অনুমোদিত।
- (২) ০৪.০০% উর্ধ্বদর অনুমোদিত।
- (৩) মূল্যানুমানের উপর ০৪.৫০% দর অনুমোদিত।
- (৪) ০৪.০০% উর্ধ্বদর অনুমোদিত।
- (৫) ০৩.৯৪% উর্ধ্বদর অনুমোদিত।

ক্রমিক নং : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক	মন্তব্য
(১)	ঢাকা সেনানিবাসে পিইটি পরিচালনার জন্য ২৫টি সাইন বোর্ড (প্রশিক্ষণ চলিত হচ্ছে) এবং বিমান সদর দপ্তরের সম্মুখের পার্কের বাগানে ১৭টি গ্রীল সরবরাহ ও স্থাপন কাজ।	৪৯,৯৭১/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(২)	শহীদ সরণি শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তার উত্তর ও দক্ষিণ পার্শ্বে (রাস্তার মাঝখানে) পাকা রোড ডিভাইডার নির্মাণ/স্থাপন কাজ।	২,৫৬,১৬৯/- টাকা	বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে
(৩)	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কুলের বাসা নং- ৬০/৯ ও ৬০/১০ এর বাসস্থান মেরামত ও সংস্কার।	৭০,০০০/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(৪)	বরিশারা ডিওএইচএস এলাকার উত্তর পার্শ্বের সীমানা প্রাচীর স্কলার্স ইনস্টিটিউট হতে হতে শিশু পার্ক পর্যন্ত উচ্চতা বৃদ্ধিকরণ এবং শিশু পার্ক হতে পশ্চিম প্রান্ত পর্যন্ত খালি জায়গায় নতুন বাউন্ডারী ওয়াল নির্মাণ।	৯,৭০,০০০/- টাকা	-এ-
(৫)	বরিশারা ডিওএইচএস এলাকার নর্দার্ন রোড মেরামতসহ কার্পেটিংকরণ।	৪,০৬,৬৬০/- টাকা	-এ-
(৬)	ক্যান্টনমেন্ট বাজার এলাকায় নব-নির্মিত স্টাফ কোয়ার্টার ৪৮/এ এর দেহালার উপর তৃতীয় তলা নির্মাণ।	১৭,২২,৩১৬/- টাকা	বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে
(৭)	ঐতিহাসিক শাখার জন্য ওয়াট মিটার ক্রয়।	৪৯,৫০০/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(৮)	শহীদ সরণি শহীদ আনোয়ার গার্লস কলেজ সংলগ্ন চৌরাস্তায় স্থাপিত ইলেক্ট্রিক বাত সিঙ্গেল সিস্টেম এর পরিবর্তে ডাবল সিস্টেমকরণ।	৩১,৯৮০/- টাকা	-এ-
(৯)	মহাখালী ডিওএইচএস এলাকার ৩০ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিংকরণ।	১৪,৩০,১৭৯/- টাকা	বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে
(১০)	ঢাকা সেনানিবাসের ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোডের বাসা নং-১০ এর সম্মুখ হতে পূর্ব দিকে ৯/এ নং প্লটের উভয় পার্শ্ব পর্যন্ত, বাড়ী নং-৮ এর সম্মুখ হতে দক্ষিণ দিকে ৫ নং বাড়ীর উত্তর প্রান্ত পর্যন্ত ঈদগাহ মাঠের উত্তর পার্শ্ব এবং কেন্দ্রীয় মসজিদের দক্ষিণ পার্শ্বে শহীদ বদিউজ্জামান রোডের ক্রস ড্রেন মেরামত ও পুনঃ নির্মাণ।	৩,৫৬,৫৮৬/- টাকা	-এ-

গৃহীত সিদ্ধান্ত : উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১০ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো :-

ক্রমিক নং	কাজের বিবরণ	ঠিকাদারী ফার্মের নাম
(১)	বনানী ডিওএইচএস খেলার মাঠে ৪টি ৫০-০' উচ্চতার পোল সরবরাহ ও স্থাপনসহ মেটাল হেলাইড দ্বারা আলোকিতকরণ।	ইমেল এন্টারপ্রাইজ
(২)	বরিশারা ডিওএইচএস এলাকার ২৮৯ নং প্লটে মাটি ভরাটকরণ।	মেসার্স মনি ট্রেডিং করপোরেশন
(৩)	বরিশারা ডিওএইচএস এলাকার ১২১ নং প্লটের সম্মুখে এবং ৩৬৬/১০ নং প্লটের পশ্চিম পার্শ্বে ড্রেনের লাইন সম্প্রসারণ কাজ।	মেসার্স প্রমোশিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং
(৪)	শহীদ সরণি শিখা অনির্বাণ হতে শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজ পর্যন্ত টিএসটি কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামত- গ্রুপ 'গ'।	মেসার্স এস আলম এন্টারপ্রাইজ
(৫)	মিরপুর ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়ে আধা-পাকা টিনশেড নির্মাণ।	মেসার্স লাকী ট্রেডার্স
(৬)	মিরপুর ন্যাশনাল ডিফেন্স কলেজের সামনে ফুটপাথ নির্মাণ।	মেসার্স রিয়া এন্টারপ্রাইজ
(৭)	মহাখালী ডিওএইচএস এলাকায় শিশু পার্কের অভ্যন্তরে জিআই পাইপের পোস্টের সাথে জিআই তারের নেট দ্বারা ঘেরাওকরণ।	মেসার্স সেডেন সিরিজ এন্টারপ্রাইজ
(৮)	শহীদ সরণি ও শহীদ বাশার রোড গ্র্যান্ডফাল্ট প্র্যান্টের সাহায্যে মেরামত ও কার্পেটিং কাজ।	রেজা কনস্ট্রাকশন লিমিটেড

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনামটির উপর আলোচনান্তে উপরোল্লিখিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ার জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

প্রস্তাব নং-১১ : ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
(১)	মেজর জেনারেল মাসুদ উদ্দিন, পিএসসি	১৫৩	বারিধারা ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা
(২)	ত্রিগেঃ জেনাঃ এ কে এম জাফরুল্লাহ সিদ্দিক	৩৬৫/৮	-এ-	-এ-
(৩)	ত্রিগেঃ জেনাঃ আবুল কালাম আজাদ গং	৪৮৯/এ	-এ-	-এ-
(৪)	কর্ণেল মোঃ শহীদুল হক	৪৪৯/২	-এ-	-এ-
(৫)	কর্ণেল (অবঃ) শরীফ ওয়ালিয়ুর রহমান	২৫৭	-এ-	-এ-
(৬)	লেঃ কর্নেল (অবঃ) মোঃ আব্দুল কাদের	২৬৩	-এ-	-এ-
(৭)	মেজর (অবঃ) মোঃ আব্দুল্লাহ	২১১	-এ-	-এ-
(৮)	জনাব মোঃ মাহবুবুল আলম	৫২৬	-এ-	-এ-
(৯)	মিসেস ফাওজিয়া সালাহউদ্দীন গং	৩৪১	-এ-	-এ-
(১০)	জনাব মোঃ মোবারক হোসেন গং সিনিয়র শিক্ষক শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজ ঢাকা সেনানিবাস।	আর এস দাগ নং- ২৯৬/৫৬৭ ও ২৯৬/৫৬৮	মৌজা- লালাসরাই (কচুক্ষেত পুরান বাজার)	০৬(ছয়) তলা

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনাতে উপস্থাপিত নকশাসমূহ অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১২ : কচুক্ষেত পুরান বাজার এলাকায় বিভিন্ন রাস্তা ও ড্রেন জরুরী ভিত্তিতে মেরামত ও সংস্কারসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় ০৯ এপ্রিল, ২০০৬ তারিখের প্রকবৈকম/প্রতিমন্ত্রীর দপ্তর/২০০৬/৯১ নং ডিও পত্রের মাধ্যমে অত্র দপ্তরকে অনুরোধ জানিয়েছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উক্ত পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনা প্রস্তাবিত প্রকল্পসমূহের মূল্যানুমান অনুমোদনসহ প্রয়োজনীয় অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো। বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কাজ শুরু করা যেতে পারে।

১০ বিবিধ (১) : ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ৬৫/ডি নং প্লটের দক্ষিণ পার্শ্বে বাসস্থান নির্মাণের পরিবর্তে প্লট নং ৬৪/এ এর পিছনের খালি জায়গায় নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনাতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৬৫/ডি নং প্লটের দক্ষিণ পার্শ্বে প্রস্তাবিত বাসস্থান নির্মাণের পরিবর্তে প্লট নং ৬৪/এ এর পিছনের খালি জায়গায় বাসস্থান নির্মাণের প্রস্তাব অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাসে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

১০ বিবিধ (২) : কচুক্ষেত পুরান বাজার এলাকায় সিবি-২৫৯ হতে ২৬১/১ এর পরিবর্তে সিবি-৯৬ হতে লালাসরাই উচ্চ বিদ্যালয়ের দক্ষিণ গেইট পর্যন্ত রাস্তা পিসিসিকরণসহ ড্রেন নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : আলোচনাতে প্রস্তাবমতে কচুক্ষেত পুরান বাজার এলাকায় সিবি-২৫৯ হতে ২৬১/১ এর পরিবর্তে সিবি-৯৬ হতে লালাসরাই উচ্চ বিদ্যালয়ের দক্ষিণ গেইট পর্যন্ত রাস্তা পিসিসিকরণসহ ড্রেন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলো।

-ঃঃ ৬ ঃঃ-

১০ বিধি (৩) : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন সোডিয়াম লাইটের বাস ও আনুসংগিক ফিটিংস ট্রাস্কম ইলেকট্রিনিয় লিঃ (ফিলিপস) হতে কোম্পানীর নির্ধারিত (১) ইগনেটর ৯০ ওয়াট সোডিয়াম বাতি প্রতিটি ১,৪৫০/-টাকা, (২) সোডিয়াম বাস ৯০ ওয়াট প্রতিটি ২,৪০০/-টাকা, (৩) চোক প্রতিটি ১,৫০০/- টাকা এবং (৪) স্ক্যাপসিটর প্রতিটি ৪০০/- টাকা দরে ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

স্বীকৃত সিদ্ধান্ত : আলোচনান্তে প্রস্তাবটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

১১ বিধি (৪) : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য প্রিন্টারসহ ০১ (এক)টি পেন্টিয়াম-৪ কম্পিউটার এবং চিকিৎসা সংক্রান্ত আসবাবপত্র সরবরাহের জন্য 'দৈনিক জনতা' পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হলে ২৫ এপ্রিল, ২০০৬ তারিখে ০৩ টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে এস আলম এন্টারপ্রাইজ, রোড নং-৯, বাড়ী নং-৪৫, ক্যান্টঃ আবাসিক এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর ২,৪০,৭২৫/- (দুই লক্ষ চল্লিশ হাজার সাতশত পঁচিশ) টাকা অনুমোদনের ব্যাপারে তুলনামূলক বিবৃতি সভায় উপস্থাপন করা হলো। উল্লেখ্য যে, উক্ত মালামালের জন্য অনুমোদিত মূল্যানুমান ছিল ২,৫০,৫০০/- (দুই লক্ষ পঁঞ্চাশ হাজার পাঁচশত) টাকা।

স্বীকৃত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য প্রিন্টারসহ ০১ (এক)টি পেন্টিয়াম-৪ কম্পিউটার এবং চিকিৎসা সংক্রান্ত আসবাবপত্র সরবরাহের জন্য প্রাপ্ত সর্বনিম্ন ২,৪০,৭২৫/- (দুই লক্ষ চল্লিশ হাজার সাতশত পঁচিশ) টাকার দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(স্বাক্ষর) ২৭/৪/০৬
(স্বাক্ষর) আল মামুন
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(স্বাক্ষর)
(কর্ণেল সালাহুউদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।